

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
প্রশাসন-০৩ শাখা
www.mohfw.gov.bd


নং-৫৯,০০,০০০০,১০৬,০২,২০০৯,২০-১০১

তারিখ: ১৩-০৪-২০২১ খ্রি:

বিষয়: গুণাচার পরিবীক্ষণ প্রতিবেদনের উপর ফিডব্যাক সভার কার্যবিবরণী প্রেরণ প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে গত ৩১.০৩.২০২১ তারিখে সচিব মহোদয়ের সভাপতিত্বে ভারুয়াল (জুম অ্যাপস) এর মাধ্যমে অনুষ্ঠিত গুণাচার পরিবীক্ষণ প্রতিবেদনের উপর ফিডব্যাক সভার কার্যবিবরণী আপনার সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় কার্যব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসংগে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।


১৩/০৪/২০২১
(ফারুক আহাম্মদ খান)
সহকারী সচিব
ফোন: ৯৫৪০৯২২
healthad3@gmail.com

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

০১. মহাপরিচালক, পরিবার পরিবেশনা অধিদপ্তর, কাওরান বাজার, ঢাকা;
 ০২. অতিরিক্ত সচিব (জনসংখ্যা, প: ক: ও আইন), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, ঢাকা;
 ০৩. অতিরিক্ত সচিব (প্রশাসন), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, ঢাকা;
 ০৪. সুলভসচিব (প্রশাসন), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, ঢাকা;
 ০৫. সহকারী সচিব (প্রশাসন-৩), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, ঢাকা;
 ০৬. সিনিয়র কম্পিউটার অপারেটর, কম্পিউটার সেল, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, ঢাকা।
- অনুলিপি সদয় অবগতির জন্য:

০১. সচিব মহোদয়ের নিকট সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
প্রশাসন-৩ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

শুধাচার পরিবীক্ষণ প্রতিবেদনের উপর ফিডব্যাক সভার কার্যবিবরণী

সভাপতি : মো: আলী নূর
সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
স্থান : ভাটুয়াল (জুম অ্যাপস)
তারিখ : ৩১-০৩-২০২১ খ্রি:
সময় : সকাল ১০.৩০ টা

স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের সচিব সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন এবং যুগ্মসচিব (প্রশাসন) ও এ বিভাগের শুধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ফোকাল পয়েন্ট-কে সভার আলোচ্যসূচি উপস্থাপনের আহ্বান জানান। যুগ্মসচিব (প্রশাসন) জাতীয় শুধাচার কর্মপরিকল্পনা ২০২০-২০২১ এর ১৩টি বিষয় Indicator সহ সভায় উপস্থাপন করেন। তিনি শাখা পরিদর্শন প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণের জন্য দপ্তরগুলোকে পত্র প্রেরণ কর প্রয়োজন বলে সভায় উল্লেখ করেন। এ প্রসঙ্গে তিনি নথি শ্রেণি বিন্যাস ও নথি বিনষ্টকরণ এর উপর গুরুত্বারোপ করেন। এরপর সভায় অংশগ্রহণকারী সদস্যগণ নিম্নবর্ণিত বিষয়সমূহের উপর বিস্তারিত আলোচনায় অংশগ্রহণ করেন:

০২। পরিচালক (প্রশাসন), নিপোর্ট চলতি অর্থ বছরে কমপক্ষে ০১ (এক)টি জায় ই-জিপিএর মাধ্যমে করা হবে মর্মে সভাকে তিনি অবহিত করেন। সিটিজেন চার্টার যথাস্থানে লটকানো আছে এবং তা ইতোমধ্যে ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। বকেয়া ইউটিলিটি বিল পরিশোধের বিষয়ে উদ্যোগ গ্রহণ করা হয়েছে এবং বিষয়টি নিয়মিত follow up করা হচ্ছে। ইতোমধ্যে নিপোর্টে ডাইভার নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন হয়েছে। কোন কেদে জমবল শূন্য হলে সেক্ষেত্রে পার্শ্ববর্তী কেন্দ্র হতে যেখানে জমবল বেশী সেখানে হতে শূন্য স্থানে পদায়ন করা যেতে পারে বলে তিনি সভাকে অবহিত করেন। এবং যেখানে শূন্য পদ রয়েছে সেখানে কাজ নেই মজুরী নেই এ ধরনের জমবল নিয়োগ জরুরী ভিত্তিতে সম্পন্ন করা প্রয়োজন বলে তিনি সভাকে অবহিত করেন।


০৩। এ পর্যায়ে সহকারী পরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে সভা (Stakeholders) অনুষ্ঠিত হওয়ার বিষয়ে সেবা গ্রহীতাগণের সম্পৃক্ত হওয়ার জন্য অনুরোধ জানান। পরিবার পরিকল্পনা অধিদপ্তরে শুধাচার বিষয়ক প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে এবং এ সংক্রান্ত প্রমাণকসমূহ দ্রুত ওয়েবসাইটে আপলোড করে হালনাগাদ করা হবে মর্মে তিনি সভাকে অবহিত করেন। পরিবার পরিকল্পনা অধিদপ্তরে ইতোমধ্যে অভিযোগ বন্ধ খোলা হয়েছে ও ই-টেজারিং কার্যক্রম শুরু হয়েছে। পরিবার পরিকল্পনা অধিদপ্তরের বিভিন্ন শাখা পরিদর্শন কার্যক্রম চলমান রয়েছে। শাখা পরিদর্শনের প্রতিবেদন এর অনুলিপি নিয়মিত মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে বলেও তিনি সভাকে জানান। প্রশাসনিক কার্যক্রম দ্রুত শুরু করা হবে মর্মে তিনি সভাকে অবহিত করেন।

০৪। এ পর্যায়ে অতিরিক্ত সচিব (জনসংখ্যা, পরিবার কল্যাণ ও আইন) স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, ওয়েবসাইটে আপলোডকৃত প্রমাণকগুলোর স্ক্রিনশট রাখা এবং শাখা পরিদর্শন জোরদার করার কথা বলেন। ২৮০০ এর অধিক FWC-তে সার্বক্ষমিক সেবা প্রদান নিশ্চিত করতে হবে বলে তিনি সভায় উল্লেখ করেন। সিটিজেন চার্টার অনুযায়ী অগ্রগতি পরিবীক্ষণ করতে হবে মর্মে তিনি সভাকে অবহিত করেন। NISএর উপর মন্ত্রণালয়ে এ বিভাগের অবস্থান সুদৃঢ় করতে হবে। ইনোভেশনের ক্ষেত্রে গাজীপুরের কাপাসিয়া উপজেলা শীঘ্রই মডেল উপজেলা হিসাবে পরিগণিত হবে বলে তিনি সভাকে অবহিত করেন।

০৫। বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় :

- শাখা পরিদর্শন জোরদার এবং শাখা পরিদর্শন প্রতিবেদন যথাসময়ে মন্ত্রণালয়ে প্রেরণের জন্য দপ্তরসমূহকে পত্র প্রেরণের বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।
- নিয়মিত শাখা ও দপ্তরসমূহের নথি শ্রেণি বিন্যাস ও বিনষ্টকরণ করার জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।
- সিটিজেন চার্টার যথাসময়ে যথাস্থানে লটকানো এবং তা নিয়মিত ওয়েবসাইটে আপলোড করার বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।
- ওয়েবসাইটে আপলোডকৃত প্রমাণকগুলোর স্ক্রিনশট রাখার জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।

০৬। অতঃপর সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


(মো: আলী নূর)
সচিব

ও
সভাপতি
নৈতিকতা কমিটি

স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ